# প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০


"মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ"

পরিপত্র নং- ১৪ /২০২১

তারিখঃ ০৩.০৬.২০২১

ঋণ ও অগ্রিম বিভাগ

বিষয় ঃ **"কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীদের পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০" এর সংশোধন প্রসঙ্গে।**

ব্যাংকের পরিচালনা পর্ষদের গত ২৮.০২.২০২১ তারিখে অনুষ্ঠিত ৭৮তম সভায় ঋণ বিতরণ বৃদ্ধি এবং ঋণ গ্রহীতাদের চাহিদা বিবেচনায় বিতরণ কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে "কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০" সংশোধনী প্রস্তাব পরিচালনা পর্ষদের অডিট কমিটির সুপারিশসহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে পর্ষদ পরিশিষ্ট-"ক" অনুযায়ী এবং পরবর্তীতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয় উক্ত নীতিমালা নিম্নোক্তভাবে সংশোধনী প্রস্তাব অনুমোদন করে।

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান | পরিশিষ্ট-"ক"<br>অনুমোদিত |
|---|---|---|
| ৩. সংজ্ঞাঃ- | ছ. "প্রাথমিক জামানত" অর্থ ব্যবসায়িক মালামাল, মেশিনারিজ, সাজসরঞ্জাম যা হাইপোথিকেশনে বীমাকৃত অবস্থায় ব্যাংকের নিকট দায়বদ্ধ; | ছ. "প্রাথমিক জামানত" অর্থ ব্যবসায়িক মালামাল, মেশিনারিজ, সাজসরঞ্জাম যা হাইপোথিকেশনে অবস্থায় ব্যাংকের নিকট দায়বদ্ধ; |
| ৪.ঋণ প্রাপ্তিরযোগ্যতা | খ.আবেদনকারীকে ব্যাংকের শাখার অধিক্ষেত্র(CommandArea/Jurisdiction) এর স্থায়ী বাসিন্দা হতে হবে ;<br>ঙ. অন্য কোন সংস্থা/ ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারী প্রতিষ্ঠান হতে ঋণ খেলাপি ব্যক্তি ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। ঋণ আবেদনকারীকে নন-জুডিশিয়াল স্টাম্পে এতদ্সংক্রান্ত হলফনামা দাখিল করতে হবে ; | **খ. প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠান এলাকায় অবস্থিত প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখায় ঋণের আবেদন করতে হবে।**<br>ঙ. অন্য কোন সংস্থা/ এ ব্যাংকসহ যে কোন ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারী প্রতিষ্ঠান হতে ঋণ খেলাপি ব্যক্তি ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। **ঋণ খেলাপি নয় মর্মে আবেদনকারীকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।** |
| ৭. গ্রুপ ঋণঃ | ৭. গ্রুপ ঋণঃ ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীগণ গ্রুপ সৃষ্টির মাধ্যমে গ্রুপ ঋণ গ্রহণ করতে পারবেন। | **৭. গ্রুপ ঋণঃ ঋণ আবেদনকারী সর্বোচ্চ ৫ (পাঁচ) জন সদস্য মিলে গ্রুপ সৃষ্টির মাধ্যমে গ্রুপ ঋণ গ্রহণ করতে পারবেন।** |
| ৮. ঋণ সীমাঃ | ৮. ঋণ সীমাঃ সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা। | **ক) একক ঋণ সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা।**<br>**খ) গ্রুপ ঋণের ক্ষেত্রে এক সদস্যের ঋণের সীমা ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা হিসাবে ০৫ জনের সর্বোচ্চ ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা।** |
| ১০. সহজামানত/জামানত/গ্যারান্টিঃ | খ. ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী গ্রহণযোগ্য ১.৫ গুণ সমপরিমাণ সহজামানত নিতে হবে; | খ. ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ১.৫ গুণ সমপরিমাণ সহজামানত নিতে হবে;<br>**গ. ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সহজামানত গ্রহণ করতে হবে এবং ঋণ গ্রহিতা/গ্যারান্টারের ঋণ পরিশোধের সক্ষমতা যাচাইয়ের প্রমাণপত্র হিসাবে হাল খাজনার দাখিলাসহ জমির মূল দলিলপত্রাদি (এসএ/আরএস/বিএস/সিটি জরিপ পর্চা এবং প্রযোজ্য ক্ষেত্রে মিউটেশনের কপি) ঋণ বিতরণের পূর্বে ব্যাংকের হেফাজতে সংরক্ষণ করতে হবে।**<br>**ঘ. ঋণের পরিমাণ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা/গ্যারান্টরের মালিকানাধীন স্থাবর সম্পত্তি রেজিস্ট্রি মর্টগেজমূলে ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ থাকবে। পাশাপাশি আদালতের হস্তক্ষেপ ব্যতিরেকে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে রেজিস্টার্ড আমমোক্তারনামা নিতে হবে।** |

| | | |
|---|---|---|
| | গ. যে কোন পরিমাণ ঋণের ক্ষেত্রে প্রকল্প, ব্যবসার মালামাল/অস্থাবর ও অন্যান্য সম্পদ প্রাথমিক জামানত হিসেবে হাইপোথিকেশন দলিলমূলে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে;<br><br>ঘ. ঋণ পরিশোধে সক্ষম ন্যূনতম ১ (এক) জনের ব্যক্তিগত গ্যারান্টি নিতে হবে। এক্ষেত্রে ঋণ পরিশোধে সক্ষম ঋণ আবেদনকারীর পিতা/ মাতা/ স্বামী/ স্ত্রী/ ভাই/ বোন/ নিকটতম আত্মীয়-স্বজন/ আর্থিকভাবে সচ্ছল সমাজের গণ্যমান্য ব্যক্তি গ্যারান্টর হতে পারবেন। এছাড়া গ্যারান্টরকে শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। একজন গ্যারান্টর সর্বোচ্চ একজন ঋণগ্রহীতার গ্যারান্টর হতে পারবেন;<br><br>ঙ. প্রতিটি ঋণের ক্ষেত্রে ঋণগ্রহীতার ব্যক্তিগত গ্যারান্টি নিতে হবে। ঋণগ্রহীতা ও যে কোন একজন গ্যারান্টার, উভয়ের নিকট হতে ৩ (তিন) টি করে মোট ৬ (ছয়) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে। | ঙ. যে কোন পরিমাণ ঋণের ক্ষেত্রে প্রকল্প, ব্যবসার মালামাল/অস্থাবর ও অন্যান্য সম্পদ প্রাথমিক জামানত হিসেবে হাইপোথিকেশন দলিলমূলে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে;<br><br>চ. ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে ২ (দুই) জনের গ্যারান্টি এবং **৩.০০ (তিন) লক্ষ টাকার** উর্ধ্বে **ঋণের ক্ষেত্রে** ১ (এক) জনের গ্যারান্টি নিতে হবে। এক্ষেত্রে ঋণ পরিশোধে সক্ষম ঋণ আবেদনকারীর পিতা/ মাতা/ স্বামী/ স্ত্রী/ ভাই/ বোন/ নিকটতম আত্মীয়-স্বজন/ আর্থিকভাবে সচ্ছল সমাজের গণ্যমান্য ব্যক্তি গ্যারান্টর হতে পারবেন। একজন গ্যারান্টর সর্বোচ্চ **দুইজন ঋণগ্রহীতার** গ্যারান্টর হতে পারবেন **সেক্ষেত্রে গ্যারান্টরের ঋণ পরিশোধের সক্ষমতা থাকতে হবে।**<br><br>**ছ. ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে। (রেজিস্ট্রি মর্টগেজ ঋণ ব্যতিত)** |
| ১১. সুদের হারঃ | ৪% সরল সুদ। তবে মেয়াদী ঋণের ক্ষেত্রে কিস্তি খেলাপি এবং ক্যাশ ক্রেডিট ঋণের ক্ষেত্রে মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক যথাসময়ে সমন্বয়ে ব্যর্থতায় ২% দণ্ড সুদ আরোপযোগ্য। | ৪% সরল সুদ। কিস্তি খেলাপি হলে ২% দণ্ড সুদ আরোপযোগ্য। ০৪% সরল সুদ হারে EMI (Equal Monthly Installment) পদ্ধতিতে সুদ আরোপ করতে হবে। |
| ১৪. চলতি হিসাবঃ | ১৪.চলতি হিসাবঃ ঋণ বিতরণের পূর্বে ন্যূনতম ১০০০.০০ (এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব খুলতে হবে। | ১৪. চলতি/সঞ্চয় হিসাবঃ ঋণ বিতরণের পূর্বে অত্র ব্যাংকে ন্যূনতম ১০০০.০০ (এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব / ৫০০.০০ (পাচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং অন্য যে কোন তফসিলি ব্যাংকে চলতি হিসাব/ সঞ্চয়ী হিসাব থাকতে হবে। |
| ১৫. ফরমের মূল্যঃ | ২০০/- (দুইশত) টাকা। | আবেদনকারীকে বিনামূল্যে আবেদন ফর্ম বিতরণ করতে হবে। |
| ১৬. প্রসেসিং ফি ও সার্ভিস চার্জঃ | ঋণ গ্রহীতাকে ঋণ গ্রহণের সময় ১% প্রসেসিং ফি এবং ২% সার্ভিস চার্জ প্রদান করতে হবে। | ঋণ গ্রহীতাকে ঋণ গ্রহণের সময় প্রসেসিং ফি ১% (সর্বোচ্চ ৫ হাজার টাকা) এবং ১% সার্ভিস চার্জ (সর্বোচ্চ ৫ হাজার টাকা) প্রদান করতে হবে। সার্ভিস চার্জ ও গ্রেস পিরিয়ডের সুদ কিস্তির সাথে আদায় করতে হবে। |
| ১৯.ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতাঃ | ১৯. মঞ্জুরি ক্ষমতাঃ ব্যাংকের প্রচলিত ঋণ মঞ্জুরি ক্ষমতার আওতায় ঋণ মঞ্জুর করা যাবে। | (১৯) ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতাঃ<br>ক. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সর্বোচ্চ ২০.০০ (বিশ লক্ষ) টাকা ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর উপর অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে অধীনস্থ কর্মকর্তাদের উপর আংশিক বা সামগ্রিকভাবে অর্পন (Delegation) করতে পারবেন।<br>অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে ব্যবস্থাপনা পরিচালক সাময়িকভাবে রহিত/স্থগিত করতে পারবেন।<br>খ. ২০.০০ (বিশ লক্ষ) টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরী ক্ষমতা পরিচালনা পর্ষদকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| ২১ ঋণ আবেদনের প্রয়োজনীয় কাগজপত্রঃ | ক. আবেদনকারীর আবেদনসহ পারিবারিক তথ্যসম্বলিত জীবন বৃত্তান্ত (নির্ধারিত ফরমেটে);<br>ঘ. আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;<br>ঙ. গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি; | ক. ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে);<br>ঘ. আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় **পত্র/পাসপোর্ট/ প্রযোজ্য ক্ষেত্র জন্মনিবন্ধনের ফটোকপি;**<br>ঙ. গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় **পত্র/পাসপোর্ট/প্রযোজ্য ক্ষেত্রে জন্মনিবন্ধনের ফটোকপি;** |
| | চ.হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে); | চ. হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে); |
| | চ. প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে); | **ছ.** প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে); |
| | ছ. দোকান/গোডাউন ভাড়ার ক্ষেত্রে Letter of Disclaimerএবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে); | **জ.** দোকান/গোডাউন ভাড়ার ক্ষেত্রে **ভাড়ার চুক্তিপত্র,** Letter of Disclaimer এবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে); |
| | জ. প্রশিক্ষণ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা প্রশিক্ষন গ্রহনে সম্মত আছেন মর্মে অঙ্গিকার পত্র; | **ঝ.** প্রশিক্ষণ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা প্রশিক্ষন গ্রহনে সম্মত আছেন মর্মে অঙ্গিকার পত্র; |
| | ঝ.ব্যক্তিগত/প্রকল্পের নামে কোন সংস্থা/এনজিও/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের ঘোষণাপত্র; | **ঞ.** ব্যক্তিগত/প্রকল্পের নামে কোন সংস্থা/এনজিও/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের ঘোষণাপত্র; |
| | ঞ. অন্য কোন কোন সংস্থা/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ঋণ হিসাব বিবরণীসহ ঋণ খেলাপী নয় মর্মে ঋণ গ্রহীতাকে নন-জুডিশিয়াল স্টাম্পে হলফনামা দাখিল করতে হবে; | **ট. বিলুপ্তির সুপারিশ গৃহীত হয়।** |
| ঋণ বিতরণ পদ্ধতিঃ | - | **২৩.ঋণ বিতরণ পদ্ধতিঃ ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত মঞ্জুরীকৃত ঋণ ০১টি কিস্তির মাধ্যমে এবং ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে মঞ্জুরীকৃত ঋণের ক্ষেত্রে ন্যূনতম ০২টি এবং সর্বোচ্চ ৫টি কিস্তির মাধ্যমে উদ্যোক্তার নামে A/C Payee/Order চেকের মাধ্যমে বিতরণ করতে হবে। প্রতিটি কিস্তির অর্থ সদ্ব্যবহার করা হয়েছে মর্মে নিশ্চিত হয়ে পরবর্তী কিস্তি বিতরণ করতে হবে।** |

প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

"মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ"

এমতাবস্থায়, "কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০"এর সংশোধিত অনুমোদন সকল শাখা ব্যবস্থাপকের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

(মোহাম্মদ মাসুদুর রহমান)
এভিপি ও ইউনিট প্রধান

সকল শাখা ব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(মহাব্যবস্থাপক পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। বিভাগীয় প্রধান, আইটি বিভাগ (সিষ্টেম), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অফিস কপি।

ফোন : +৮৮ ০২ ৪৮৩২২৮৭৩, E-mail : info@pkb.gov.bd, Web : www.pkb.gov.bd

# “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০”

**ভূমিকাঃ** কোভিড-১৯ এর দ্রুত বিস্তার ও সংক্রমণ প্রতিরোধে বিশ্বব্যাপি নজিরবিহীন লকডাউন ও যোগাযোগ স্থবিরতা বিশ্ব অর্থনীতিতে ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০” এর আওতায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর তহবিল থেকে প্রদত্ত ২০০ (দুইশত) কোটি টাকা এর মাধ্যমে স্বল্প সুদে ঋণ বিতরণের লক্ষ্যে প্রাথমিকভাবে তহবিল গঠন করা হয়েছে। যে সকল বাংলাদেশি অভিবাসী কর্মী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী/ বিদেশে মৃত্যুবরণ করেছেন তাঁর পরিবারের ১ (এক) জন উপযুক্ত সদস্যকে পুনর্বাসনের লক্ষ্যে স্বল্প সুদে ঋণ প্রদান যা “পুনর্বাসন ঋণ” হিসাবে বিবেচিত হবে।

১. **শিরোনামঃ** এই নীতিমালা “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০” নামে অভিহিত হবে।

২. **উদ্দেশ্যঃ** বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী বাংলাদেশি কর্মী/প্রবাসে মৃত কর্মীর পরিবারের ১ (এক) জন উপযুক্ত সদস্যকে পুনর্বাসনের লক্ষ্যে স্বল্প সুদে “পুনর্বাসন ঋণ” প্রদান।

৩. **সংজ্ঞাঃ-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায় –

ক. “কোভিড-১৯” অর্থ করোনা ভাইরাস রোগ ২০১৯;

খ. “ক্ষতিগ্রস্ত” অর্থ “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত;

গ. “পরিবার” অর্থ পিতা, মাতা, স্বামী/স্ত্রী ও সন্তান;

ঘ. “উপযুক্ত” অর্থ পরিবারের ভরণপোষণে সক্ষম ব্যক্তি;

ঙ. “ব্যাংক” অর্থ প্রবাসী কল্যাণ ব্যাংক;

চ. “পরিশিষ্ট” অর্থ এই নীতিমালার সাথে সংযোজিত পরিশিষ্ট;

ছ. “প্রাথমিক জামানত” অর্থ ব্যবসায়িক মালামাল, মেশিনারিজ, সাজসরঞ্জাম যা হাইপোথিকেশনে অবস্থায় ব্যাংকের নিকট দায়বদ্ধ;

জ. “সহজামানত” অর্থ ঋণকে অধিকতর নিরাপদ করার লক্ষ্যে জমি ও অবকাঠামো, ব্যাংকে গচ্ছিত আমানত যা ব্যাংকের নিকট বন্ধক/ লিয়েন (গ্রামের বসতবাড়ি ব্যতিত) রাখা হয়।

ঝ. “জামানত” অর্থ প্রাথমিক জামানত ও সহজামানতের সমষ্টি;

ঞ. “ইকুইটি” অর্থ ব্যবসায়ে মালিকের অংশ।

**৪. ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ**

ক. বাংলাদেশের নাগরিক হতে হবে;

খ. প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠান এলাকায় অবস্থিত প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখায় ঋণের আবেদন করতে হবে।

গ. বয়স ন্যূনতম ১৮ বৎসর হতে হবে;

ঘ. বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে যে সকল বাংলাদেশি অভিবাসী কর্মী ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী/বিদেশে মৃত্যুবরণ করেছেন তাঁর পরিবারের উপযুক্ত ১ (এক) জন সদস্য এ ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে;

ঙ. অন্য কোন সংস্থা/ এ ব্যাংকসহ যে কোন ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারী প্রতিষ্ঠান হতে ঋণ খেলাপি ব্যক্তি ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। ঋণ খেলাপি নয় মর্মে আবেদনকারীকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

চ. উন্মাদ, দেউলিয়া, মানসিক ভারসাম্যহীন ব্যক্তি, রাষ্ট্রদ্রোহী মামলার আসামী ঋণের জন্য বিবেচিত হবেন না;

ছ. প্রবাসী কল্যাণ ব্যাংক হতে ইতঃপূর্বে গৃহীত ঋণ নিয়মিত হতে হবে;

জ. ১ জানুয়ারী, ২০২০ তারিখ থেকে দেশে ফেরত আসা অভিবাসী কর্মী ঋণের জন্য বিবেচিত হবেন।

**৫. ঋণের প্রকৃতিঃ**

ক. প্রকল্প ঋণ    খ. চলতি পুঁজি / ক্যাশ ক্রেডিট।

**৬. ঋণের খাতসমূহঃ** দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামুলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ড ঋণের খাত হিসাবে বিবেচিত হবে। নিম্নে খাতসমূহ উল্লেখ করা হলোঃ

**ক) কৃষি খাতঃ**

**I. মৎস্য সম্পদঃ**

- মৎস্য চাষ : কার্প জাতীয়-রুই, কাতলা, মৃগেল ইত্যাদি;
- মৎস্য চাষ : ক্যাট ফিস-পাংগাস, বোয়াল, পাবদা, টেংরা, মাগুর, শিং ইত্যাদি;
- মৎস্য চাষ : তেলাপিয়া, ভেটকি, চিতল, কৈ, থাই কৈ, শোল, গজার, পুঁটি ইত্যাদি;
- মৎস্য চাষ : চিংড়ি;
- মৎস্য চাষ: (মিশ্র);
- মাছ চাষ : অন্যান্য।

**II. প্রাণী সম্পদঃ**

**পোল্ট্রি ফার্মঃ**

- মুরগী (লেয়ার, ব্রয়লার, কক) খামার;
- হাঁস/রাজহাঁস খামার;
- পোল্ট্রি ফার্ম (অন্যান্য)।

**গবাদিপশু মোটাতাজাকরণ / পালন প্রকল্পঃ**

গরু/ছাগল/ ভেড়া/ মহিষ মোটাতাজাকরণ/ পালন।

**দুগ্ধ খামারঃ**

গরু/ছাগল/ ভেড়া/ মহিষের দুগ্ধ খামার।

**III. অন্যান্য কৃষি খাতঃ**

দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামুলক যে কোন কৃষি খাত।

**খ. অকৃষি খাতঃ**

**i. কুটির শিল্প/ক্ষুদ্র শিল্প প্রকল্পঃ**

- মৃৎ শিল্প;
- ব্লক-বাটিক প্রিন্টিং;
- গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি;
- তাঁত/ বুনন শিল্প;
- নকশী কাঁথা তৈরি;
- কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি;
- ক্ষুদ্র ও কুটিরশিল্প (অন্যান্য)।

**ii. বাণিজ্যিক খাতঃ**

- মুদি/মনোহরী;

- ডিপার্টমেন্টাল স্টোর;
- কাপড়ের ব্যবসা/তৈরি পোষাকের ব্যবসা;
- প্রাণী খাদ্য/মৎস্য খাদ্য ব্যবসা;
- ধান/চাল/অন্যান্য কৃষিপণ্য ব্যবসা;
- ধান, গম, মসলা ও অন্যান্য কৃষিপণ্য ভাঙ্গার মেশিন ব্যবসা;
- সার/বীজ/কীটনাশক ব্যবসা ;
- পার্টসের ব্যবসা;
- ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স সামগ্রীর ব্যবসা;
- ঔষধ ব্যবসা;
- জুতার ব্যবসা;
- ক্রোকারিজ সামগ্রীর ব্যবসা;
- হার্ডওয়্যার ব্যবসা;
- আসবাবপত্রের ব্যবসা;
- কম্পিউটার দোকান;
- লাইট ইঞ্জিনিয়ারিং/গাড়ী মেরামত ওয়ার্কসপ;
- সিএনজি, অটোরিক্সা ও অন্যান্য পরিবেশবান্ধব যানবাহন ক্রয়;
- কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার, ধান কাটা ও মাড়াইয়ের যন্ত্র, মাটি কাটার মেশিন ইত্যাদি) ব্যবসা;
- বিউটি পার্লার;
- অন্যান্য বাণিজ্যিক খাত।

উল্লেখ্য, প্রয়োজনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় প্রকল্প/ব্যবসা পরিদর্শন করতে পারবেন।

৭. **গ্রুপ ঋণঃ** ঋণ আবেদনকারী সর্বোচ্চ ৫ (পাঁচ) জন সদস্য মিলে গ্রুপ সৃষ্টির মাধ্যমে গ্রুপ ঋণ গ্রহণ করতে পারবেন।

**৮. ঋণ সীমাঃ**

ক) একক ঋণ সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা।

খ) গ্রুপ ঋণের ক্ষেত্রে এক সদস্যের ঋণের সীমা ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা হিসাবে ০৫ জনের সর্বোচ্চ ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা।

৯. **ঋণের মেয়াদঃ** প্রকল্প এবং ব্যবসার প্রকৃতি/ধরণ অনুযায়ী (সর্বোচ্চ ৫ বছর)।

**১০. সহজামানত/জামানত/গ্যারান্টিঃ**

ক. সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত সহজামানতবিহীন;

খ. ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ১.৫ গুণ সমপরিমাণ সহজামানত নিতে হবে;

গ. ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সহজামানত গ্রহণ করতে হবে এবং ঋণ গ্রহিতা/গ্যারান্টারের ঋণ পরিশোধের সক্ষমতা যাচাইয়ের প্রমাণপত্র হিসাবে হাল খাজনার দাখিলাসহ জমির মূল দলিলপত্রাদি (এসএ/আরএস/বিএস/সিটি জরিপ পর্চা এবং প্রযোজ্য ক্ষেত্রে মিউটেশনের কপি) ঋণ বিতরণের পূর্বে ব্যাংকের হেফাজতে সংরক্ষণ করতে হবে।

ঘ. ঋণের পরিমাণ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা/গ্যারান্টরের মালিকানাধীন স্থাবর সম্পত্তি রেজিস্ট্রি মর্টগেজমূলে ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ থাকবে। পাশাপাশি আদালতের হস্তক্ষেপ ব্যতিরেকে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে রেজিস্টার্ড আমমোক্তারনামা নিতে হবে।

ঙ. যে কোন পরিমাণ ঋণের ক্ষেত্রে প্রকল্প, ব্যবসার মালামাল/অস্থাবর ও অন্যান্য সম্পদ প্রাথমিক জামানত হিসেবে হাইপোথিকেশন দলিলমূলে ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকবে;

চ. ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে ২ (দুই) জনের গ্যারান্টি এবং ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে ১ (এক) জনের গ্যারান্টি নিতে হবে। এক্ষেত্রে ঋণ পরিশোধে সক্ষম ঋণ আবেদনকারীর পিতা/ মাতা/ স্বামী/ স্ত্রী/ ভাই/ বোন/ নিকটতম আত্নীয়-স্বজন/ আর্থিকভাবে সচ্ছল সমাজের গণ্যমান্য ব্যক্তি গ্যারান্টর হতে পারবেন। একজন গ্যারান্টর সর্বোচ্চ দুইজন ঋণগ্রহীতার গ্যারান্টর হতে পারবেন সেক্ষেত্রে গ্যারান্টরের ঋণ পরিশোধের সক্ষমতা থাকতে হবে।

ছ. ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে। (রেজিস্ট্রি মর্টগেজ ঋণ ব্যতিত)

১১. **সুদের হারঃ** ৪% সরল সুদ। কিস্তি খেলাপি হলে ২% দণ্ড সুদ আরোপযোগ্য। ০৪% সরল সুদ হারে EMI (Equal Monthly Installment) পদ্ধতিতে সুদ আরোপ করতে হবে।

১২. **গ্রেস/ মরাটোরিয়াম পিরিয়ডঃ** প্রকল্প এবং ব্যবসার গ্রেস/ মরাটোরিয়াম পিরিয়ড হবে পরিশিষ্ট অনুযায়ী।

১৩. **ইকুইটি/ মার্জিনঃ** প্রকল্প ঋণের ক্ষেত্রে সমমূলধন ন্যূনতম ২০% এবং চলমান ঋণের ক্ষেত্রে মার্জিন ন্যূনতম ৫০%।

১৪. **চলতি/সঞ্চয় হিসাবঃ** ঋণ বিতরণের পূর্বে অত্র ব্যাংকে ন্যূনতম ১০০০.০০ (এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব / ৫০০.০০ (পাচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং অন্য যে কোন তফসিলি ব্যাংকে চলতি হিসাব/ সঞ্চয়ী হিসাব থাকতে হবে।

১৫. **ফরমের মূল্যঃ** আবেদনকারীকে বিনামূল্যে আবেদন ফর্ম বিতরণ করতে হবে।

১৬. **প্রসেসিং ফি ও সার্ভিস চার্জঃ** ঋণ গ্রহীতাকে ঋণ গ্রহণের সময় প্রসেসিং ফি ১% (সর্বোচ্চ ৫ হাজার টাকা) এবং ১% সার্ভিস চার্জ (সর্বোচ্চ ৫ হাজার টাকা) প্রদান করতে হবে। সার্ভিস চার্জ ও গ্রেস পিরিয়ডের সুদ কিস্তির সাথে আদায় করতে হবে।

১৭. **তালিকা বহির্ভূত খাতে অর্থায়নঃ** দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামুলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ডের খাতসমূহ যা তালিকায় অন্তর্ভূক্ত করা হয়নি সে সকল ঋণ খাতের/প্রকল্পের ধরণ অনুযায়ী ঋণের মেয়াদ গ্রেস পিরিয়ড/মরাটোরিয়াম পিরিয়ড, ঋণ পরিশোধ সূচি ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্থায়ন করা যাবে।

১৮. **চার্জ ডকুমেন্টঃ** ব্যাংকের ঋণ নীতিমালা অনুযায়ী গ্রহণ করতে হবে।

১৯. **ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতাঃ**

ক. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সর্বোচ্চ ২০.০০ (বিশ লক্ষ) টাকা ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর উপর অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে অধীনস্থ কর্মকর্তাদের উপর আংশিক বা সামগ্রিকভাবে অর্পন (Delegation) করতে পারবেন। অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে ব্যবস্থাপনা পরিচালক সাময়িকভাবে রহিত/স্থগিত করতে পারবেন।

খ. ২০.০০ (বিশ লক্ষ) টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরী ক্ষমতা পরিচালনা পর্ষদকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০. **ঋণ আদায়ঃ** মঞ্জুরিপত্রের শর্ত মোতাবেক ঋণ গ্রহীতাকে ঋণের কিস্তি পরিশোধ করতে হবে। যথাসময়ে ঋণ পরিশোধের ব্যর্থতায় দেশের বিদ্যমান আইন অনুযায়ী ব্যাংক মামলা দায়ের করতে পারবে।

২১. **ঋণ আবেদনের প্রয়োজনীয় কাগজপত্রঃ**

ক. ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে);

খ. আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বহির্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ)/এর ট্রাভেল পারমিটের ফটোকপি;

গ. বিএমইটি'র স্মার্ট কার্ড/ চাকরিরত দেশের আইডি কার্ড এর ফটোকপি/ বৈধ পথে বিদেশ গমণের প্রমাণপত্র/বিদেশে চাকুরির চুক্তিপত্র/ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র;

ঘ. আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/ প্রযোজ্য ক্ষেত্র জন্মনিবন্ধনের ফটোকপি;

ঙ. গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/প্রযোজ্য ক্ষেত্রে জন্মনিবন্ধনের ফটোকপি;

চ. হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ছ. প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে);

জ. দোকান/গোডাউন ভাড়ার ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্র, Letter of Disclaimer এবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

ঝ. প্রশিক্ষণ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা প্রশিক্ষন গ্রহনে সম্মত আছেন মর্মে অঙ্গিকার পত্র;

ঞ. ব্যক্তিগত/প্রকল্পের নামে কোন সংস্থা/এনজিও/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের ঘোষণাপত্র;

২২. **নীতিমালা কার্যকর ও সংশোধন ক্ষমতাঃ**

এই নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে। এই নীতিমালা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন, পরিবর্ধন উভয়পক্ষের সম্মতি সাপেক্ষে সাধিত হবে।

২৩. **ঋণ বিতরণ পদ্ধতিঃ** ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত মঞ্জুরীকৃত ঋণ ০১টি কিস্তির মাধ্যমে এবং ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে মঞ্জুরীকৃত ঋণের ক্ষেত্রে ন্যূনতম ০২টি এবং সর্বোচ্চ ৫টি কিস্তির মাধ্যমে উদ্যোক্তার নামে A/C Payee/Order চেকের মাধ্যমে বিতরণ করতে হবে। প্রতিটি কিস্তির অর্থ সদ্ব্যবহার করা হয়েছে মর্মে নিশ্চিত হয়ে পরবর্তী কিস্তি বিতরণ করতে হবে।

পরিশিষ্ট

**ঋণের মেয়াদকাল ও পরিশোধসূচিঃ**

| ক্রম | খাত/প্রকল্পসমূহ | মেয়াদ (সর্বোচ্চ) | গ্রেস /মরাটেরিয়াম পিরিয়ড | পরিশোধসূচি (সর্বোচ্চ) | বিতরণের সময়কাল |
|---|---|---|---|---|---|
| ০১ | মৎস্য চাষ (কার্প জাতীয় মাছ) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০২ | মৎস্য চাষ (ক্যাট ফিস) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৩ | মৎস্য চাষ (তেলাপিয়া, ভেটকি, চিতল, থাই কৈ ইত্যাদি) | ০২ বছর | ০৩ (মরাটোরিয়াম পিরিয়ড) | প্রতি ৩ মাস অন্তর ৮ টি কিস্তিতে | বছরব্যাপী |
| ০৪ | মৎস্য চাষ (চিংড়ি) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৫ | মৎস্য চাষ (মিশ্র) | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৬ | ব্রয়লার মুরগীর খামার | ০২ বছর | ১০ দিন (গ্রেস পিরিয়ড) | ৪৫ দিন পর পর ১৬ টি কিস্তিতে | বছরব্যাপী |
| | কক মুরগীর খামার | ০২ বছর | ০২ মাস (মরাটোরিয়াম পিরিয়ড) | ২ মাস অন্তর ১২ টি কিস্তিতে | বছরব্যাপী |
| ০৭ | লেয়ার মুরগীর খামার | ০২ বছর | ১৮০ দিন (০৬ মাস) | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৮ | পোল্ট্রি ফার্ম (হাঁস) | ০১ বছর | ০৬ মাস (মরাটেরিয়াম পিরিয়ড) | ০৬ মাস অন্তর ২ টি কিস্তিতে | বছরব্যাপী |
| ০৯ | গবাদি পশু মোটাতাজাকরণ (গরু, মহিষ ইত্যাদি) | ০১ বছর | ১১ মাস | ১১ মাস পর এককালীন | বছরব্যাপী |
| ১০ | দুগ্ধ খামার | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১১ | মৃৎ শিল্প | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১২ | ব্লক-বাটিক প্রিন্টিং | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৩ | গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৪ | তাঁত/বুনন শিল্প | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৫ | নকশী কাঁথা তৈরী | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৬ | কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৭ | মুদি/মনোহরী | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৮ | ডিপার্টমেন্টাল স্টোর | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৯ | কাপড়ের ব্যবসা/তৈরি পোষাক ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২০ | প্রাণী খাদ্য/মৎস্য খাদ্য | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |

পরিশিষ্ট

**ঋণের মেয়াদকাল ও পরিশোধসূচিঃ**

| ক্রম | খাত/প্রকল্পসমূহ | মেয়াদ (সর্বোচ্চ) | গ্রেস /মরাটেরিয়াম পিরিয়ড | পরিশোধসূচি (সর্বোচ্চ) | বিতরণের সময়কাল |
|---|---|---|---|---|---|
| ০১ | মৎস্য চাষ (কার্প জাতীয় মাছ) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০২ | মৎস্য চাষ (ক্যাট ফিস) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৩ | মৎস্য চাষ (তেলাপিয়া, ভেটকি, চিতল, থাই কৈ ইত্যাদি) | ০২ বছর | ০৩ (মরাটোরিয়াম পিরিয়ড) | প্রতি ৩ মাস অন্তর ৮ টি কিস্তিতে | বছরব্যাপী |
| ০৪ | মৎস্য চাষ (চিংড়ি) | ০২ বছর | ২৭০ দিন (০৯ মাস) | ১৫ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৫ | মৎস্য চাষ (মিশ্র) | ০২ বছর | ০৬ মাস | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৬ | ব্রয়লার মুরগীর খামার | ০২ বছর | ১০ দিন (গ্রেস পিরিয়ড) | ৪৫ দিন পর পর ১৬ টি কিস্তিতে | বছরব্যাপী |
| | কক মুরগীর খামার | ০২ বছর | ০২ মাস (মরাটোরিয়াম পিরিয়ড) | ২ মাস অন্তর ১২ টি কিস্তিতে | বছরব্যাপী |
| ০৭ | লেয়ার মুরগীর খামার | ০২ বছর | ১৮০ দিন (০৬ মাস) | ১৮ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ০৮ | পোল্ট্রি ফার্ম (হাঁস) | ০১ বছর | ০৬ মাস (মরাটেরিয়াম পিরিয়ড) | ০৬ মাস অন্তর ২ টি কিস্তিতে | বছরব্যাপী |
| ০৯ | গবাদি পশু মোটাতাজাকরণ (গরু, মহিষ ইত্যাদি) | ০১ বছর | ১১ মাস | ১১ মাস পর এককালীন | বছরব্যাপী |
| ১০ | দুগ্ধ খামার | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১১ | মৃৎ শিল্প | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১২ | ব্লক-বাটিক প্রিন্টিং | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৩ | গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৪ | তাঁত/বুনন শিল্প | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৫ | নকশী কাঁথা তৈরী | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৬ | কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৭ | মুদি/মনোহরী | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৮ | ডিপার্টমেন্টাল স্টোর | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ১৯ | কাপড়ের ব্যবসা/তৈরি পোষাক ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২০ | প্রাণী খাদ্য/মৎস্য খাদ্য | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |

| ক্রম | খাত/প্রকল্পসমূহ | মেয়াদ (সর্বোচ্চ) | গ্রেস /মরাটেরিয়াম পিরিয়ড | পরিশোধসূচি (সর্বোচ্চ) | বিতরণের সময়কাল |
|---|---|---|---|---|---|
| | ব্যবসা | | | | |
| ২১ | ধান/চাল/অন্যান্য কৃষিপণ্য ব্যবসা | ০১ বছর | ০১ মাস | ১১ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২২ | সার/বীজ/কীটনাশক ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৩ | পার্টসের ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৪ | ইলেকট্রিক সামগ্রীর ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৫ | ইলেকট্রনিক্স সামগ্রীর ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৬ | ঔষধ ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৭ | জুতার ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৮ | ক্রোকারিজ সামগ্রীর ব্যবসা | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ২৯ | হার্ডওয়্যার ব্যবসা | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩০ | আসবাবপত্রের ব্যবসা | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩১ | কম্পিউটার দোকান | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩২ | লাইট ইঞ্জিনিয়ারিং/গাড়ী মেরামত ওয়ার্কসপ | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৩ | সিএনজি, অটোরিক্সা ও অন্যান্য পরিবেশবান্ধব যানবাহন ক্রয় | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৪ | কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার, ধান কাটা ও মাড়াইয়ের যন্ত্র, মাটি কাটার মেশিন ইত্যাদি) ব্যবসা | ০৫ বছর | ০১ মাস | ৫৯ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |
| ৩৫ | বিউটি পার্লার | ০২ বছর | ০১ মাস | ২৩ টি মাসিক কিস্তিতে | বছরব্যাপী |